মেহেরপুরে হেরোইনসহ দু মাদক কারবারি আটক

৩ গ্রাম হেরোইনসহ ২ মাদক কারবারিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার আহমদুল্লাহর ছেলে মিঠু (৪৫) ও বেড়পাড়া এলাকার আব্দুর রবের ছেলে হাবিব (৪০)। শনিবার দিবাগত রাত ১০ টার দিকে মেহেরপুর শহরে অভিযান চালিয়ে তাদের আটক করেন।
মেহেরপুর সদর থানার উপপরিদর্শক(এসআই) সুমন মিয়া গোপন সংবাদের ভিত্তিত্বে সঙ্গীয়ফোর্সসহ অভিযান চালিয়ে এই দুই মাদক কারবারিকে আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। হেরোইন উদ্ধারের ঘটনায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) এর ৮(ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে। মামলা নং ১২, তারিখ ১৩/০৫/২০২৩ ইং।
আটককৃতদের আজ রবিবার (১৪ মে) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৮ মাদকসেবি আটক

মেহেরপুর শহরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮ মাদকসেবিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম আজ সোমবার (৮ মে) সকাল থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের আটক করা হয়।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার ইসমাইল হোসেন ওরফে আহার আলীর ছেলে জনি হোসেন (২৬), একই এলাকার আব্দুল মতিনের

ছেলে শাকিল হোসেন (১৯), বেড়পাড়া এলাকার আব্দুল হামিদ বিশ্বাসের ছেলে রনি বিশ্বাস (৩৬), সদর উপজেলার গোভীপুর গ্রামের ইন্নাল বিশ্বাসের ছেলে আব্দুস সালাম ওরফে লাল মিয়া (৫০), ফতেপুর গ্রামের পাচু মিয়ার ছেলে শহিদুল ইসলাম (৪৮), মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার কুতুব উদ্দীনের ছেলে রেজাউল ইসলাম (২৪), নতুনপাড়া এলাকার মোমিন সর্দারের ছেলে আবু বক্কর ওরফে ইলু (২৯)ও একই পাড়ার জয়নাল হোসেনের ছেলে লিটন (৩৬)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, শহরের বিভিন্ন স্থানে পুলিশ অভিযান চালিয়ে এসব মাদকসেবিদের আটক করা হয়েছে।
আটক মাদক সেবিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ সোমবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ১শ’ বোতল ফেন্সিডিল সহ আটক-৩

মেহেরপুরের গাংনীতে ১শ’ বোতল ফেন্সিডিল সহ ৩জনকে আটক করেছে পুলিশ।

শুক্রবার সকালে উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যানপুর কালিতলাপাড়া এলাকা থেকে তাদের গ্রেফতার করে জেলা গোয়েন্দা পুলিশের এস আই অজয় কুমার কুন্ডু।

গ্রেফতারকৃতরা হলেন,ছাতিয়ান বাজার পাড়ার বাবুল হোসেনের ছেলে ইমরান আলী (২৫),একই এলাকার শফিরুল ইসলামের ছেলে হাসাদুল ইসলাম(২৭) ও বাওট গ্রামের কাবরান আলীর ছেলে হাসিবুর রহমান(৩০)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের এস আই অজয় কুমার কুন্ডু জানান, কল্যানপুর কালিতলাপাড়া এলাকা দিয়ে দুটি মটরসাইকেল যোগে ফেন্সিডিল পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। এসময়

ইমরান ও হাসাদুলের কাছ থেকে ৭০ বোতল এবং হাসিবুরের কাছ থেকে ৩০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এসময় দুটি মটরসাইকেল জব্দ করা হয়।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান,গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।